45

তারিখ ...২১.১০.২০০০ পৃষ্ঠা ...১৬ কলাম ...২

দৈনিক ইত্তেফাক

# আগামীকাল মন্ত্রিসভায় জাতীয় শিক্ষানীতি পেশ

*রেজানুর রহমান ॥ অবশেষে জাতীয় শিক্ষানীতি চূড়ান্ত অনুমোদন পাইতে যাইতেছে। আগামীকাল সোমবার মন্ত্রিসভার বৈঠকে শিক্ষানীতির পূর্ণাঙ্গ প্রতিবেদন উপস্থাপন করা হইবে। একটি সূত্রের মতে, এই বৈঠকে শিক্ষানীতি অনুমোদন করা হইবে।*

*উল্লেখ্য, ১৯৯৭ সালের ১৪ই জানুয়ারী অধ্যাপক এম শামসুল হককে চেয়ারম্যান করিয়া ৫৬ সদস্যবিশিষ্ট শিক্ষানীতি প্রণয়ন কমিটি গঠন করা হইয়াছিল। এই কমিটির অধীনে ১৯টি সাব-কমিটি অক্লান্ত পরিশ্রম করিয়া একই সালের সেপ্টেম্বর মাসে জাতীয় শিক্ষানীতির রূপরেখা প্রণয়ন করে। অধ্যাপক আনিসুজ্জামান, মাযহারুল ইসলাম, ডঃ আব্দুল্লাহ আলমুতী শরফুদ্দিন শিক্ষানীতির* *(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)*

## আগামীকাল মন্ত্রিসভায়

(শেষ পৃঃ পর)

প্রতিবেদন সম্পাদনা করেন। ইহার পর বিআইটি'র ভাইস চেয়ারম্যান ডঃ নজরুল ইসলামের নেতৃত্বে শিক্ষানীতি বাস্তবায়নের রূপরেখা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। এই কমিটি ইতিমধ্যে চূড়ান্ত প্রতিবেদন পেশ করিয়াছে। '৯৭ সালের সেপ্টেম্বর মাসে জাতীয় শিক্ষানীতির রূপরেখা প্রণীত হইলে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক এই ব্যাপারে মতামত গ্রহণের জন্য বিভিন্ন মহলের সহিত একাধিক বৈঠক করেন।

একটি সূত্রের মতে, সরকার চাহিয়াছিল বিরোধী দলের উপস্থিতিতে জাতীয় সংসদে বিষয়টি আলোচিত হউক। কিন্তু বিরোধী দলের সংসদ বর্জন কর্মসূচী অব্যাহত থাকায় মন্ত্রি পরিষদেই এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের উদ্যোগ নেওয়া হইয়াছে।